

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪২৬

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

১৬ জানুয়ারি আগরতলা পুরনিগমের শারদ সন্মান-২০২৪ প্রদান অনুষ্ঠান

আগামী ১৬ জানুয়ারি রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আগরতলা পুরনিগমের উদ্যোগে আগরতলার বিভিন্ন ক্লাব, সামাজিক সংস্থা ও পূজা কমিটিগুলিকে শারদ সন্মান-২০২৪ প্রদান করা হবে। সন্ধ্যা ৬টায় এই শারদ সন্মান প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ আগরতলা পুরনিগমের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা বলেন পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী এবং রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন মেয়র দীপক মজুমদার।

সাংবাদিক সম্মেলনে মেয়র দীপক মজুমদার জানান, আগরতলা পুরনিগমের পক্ষ থেকে এবছরও বিভিন্ন ক্লাব, সামাজিক সংস্থা ও পূজা কমিটিগুলিকে শারদ সন্মান-২০২৪ প্রদান করা হবে। বিচারকমন্ডলীর রায়ে এবছর সেরার সেরা বিভাগে সেরা প্রতিমার জন্য ফ্লাওয়ার্স ক্লাব, সেরা মন্ডপের জন্য নেতাজী প্লে ফোরাম সেন্টার, সেরা আলোকসজ্জার জন্য এগিয়ে চল সংঘ, সেরা থিমের জন্য যুব সমাজ ক্লাব, মহিলাদের দ্বারা আয়োজিত সেরা দুর্গাপূজার জন্য মুক্তি সংঘকে পুরস্কৃত করা হবে। পুরস্কার হিসেবে এই ক্লাবগুলিকে ট্রফি এবং ৫০,০০০ টাকা করে দেওয়া হবে। এছাড়াও আগরতলা পুরনিগমের ৪টি জোন-এ ৪টি করে মোট ১৬টি ক্লাবকে পুরস্কৃত করা হবে। সেন্ট্রাল জোনে সেরা প্রতিমার জন্য সেন্ট্রাল রোড যুব সংস্থা, সেরা মন্ডপের জন্য ছাত্রবন্ধু ক্লাব, সেরা আলোকসজ্জার জন্য ঐক্যতান যুব সংস্থা এবং সেরা থিমের জন্য পুরস্কার দেওয়া হবে ব্লাড মাউথ ক্লাবকে।

পূর্ব জোনে সেরা প্রতিমার জন্য পুরস্কার পাবে স্ফুলিঙ্গ ক্লাব, সেরা মন্ডপের জন্য রামঠাকুর সংঘ, সেরা আলোকসজ্জা- দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাব এবং সেরা থিমের জন্য লাল বাহাদুর ব্যায়ামাগার। উত্তর জোনে সেরা প্রতিমার জন্য দেশবন্ধু ক্লাব (নতুন নগর), সেরা মন্ডপ- শান্তিকামি সংঘ, সেরা আলোকসজ্জা- কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন এবং সেরা থিমের জন্য পুরস্কার দেওয়া হবে বড়জলার মহান ক্লাবকে।

দক্ষিণ জোনে সেরা প্রতিমার জন্য ওএনজিসি সার্বজনীন পূজা কমিটি, সেরা মন্ডপ- মডার্ন ক্লাব, সেরা আলোকসজ্জা- মৌচাক ক্লাব এবং সেরা থিমের জন্য পুরস্কার পাবে উত্তর মধ্যপাড়া যুবক বৃন্দ। এই চারটি জোনে বিজয়ী ক্লাবগুলিকে পুরস্কার হিসেবে ট্রফি এবং ২৫,০০০ টাকা করে দেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত ও ডেপুটি কমিশনার সুব্রত চক্রবর্তী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
